LIBERTY JUSTICE EQUALITY

CENTRE FOR PROTECTION OF DEMOCRATIC RIGHTS AND SECULARISM
(CPDRS)
WEST BENGAL STATE COMMITTEE
Office: 77/2, Lenin Sarani, Kolkata- 700 013
Mob: 9883717575, 8420094883 Email: cpdrs.india@gmail.com

আনন্দবাজার পত্রিকা অফিসে গেরুয়া হামলার তীব্র নিন্দা জানিয়ে মানবাধিকার সংগঠন সিপিডিআরএস পশ্চিমবঙ্গ রাজ্য কমিটির সম্পাদক রাজকুমার বসাক আজ (০১.০৯.২০২৬) এক বিবৃতিতে বলেন,

"বিজেপির রাজ্য সভাপতির কথায় এবিভিপি-র সঙ্গে বিজেপির কোনো সম্পর্ক নেই। অথচ বিজেপির বিধায়িকা হুমকি দিলেন, 'সারারাত তাণ্ডব চলবে' আর তাদের সঙ্গে সম্পর্কহীন এবিভিপি গেরুয়া পতাকা নিয়ে যাদবপুর বিশ্ববিদ্যালয়ে তাণ্ডব চালালো। নেহাত কালার ব্লাইন্ড না হলে, পতাকার রং ছিল গেরুয়া, চিনতে অসুবিধে হয় কি?

পরদিন আনন্দবাজার পত্রিকার সংবাদ শিরোনাম দেখে, গেরুয়া পতাকাধারী হামলাকারীদের সঙ্গে সম্পর্কহীন বিজেপির মুখ্যমন্ত্রী প্রচণ্ড ক্ষেপে গেলেন। সংঘ পরিবার গেরুয়া পতাকা নিয়ে গুন্ডামি করতে পারবে, কিন্তু আনন্দবাজার পত্রিকা 'গেরুয়া গুন্ডামি' লিখতে পারবে না। মুখ্যমন্ত্রী বললেন, সংবাদপত্রের প্রথম পাতায় ২৪ ঘন্টার মধ্যে ক্ষমা চাইতে হবে। গেরুয়া সন্ত্রাসীরা শুধু তার অনুমতির অপেক্ষায়, আনন্দবাজার পত্রিকা দপ্তরে হামলা করার জন্য। আমাদের বুঝতে অসুবিধা হয় না, আজ আনন্দবাজার পত্রিকা দপ্তরে হামলাকারীরা মুখ্যমন্ত্রীর অনুমতি নিয়েই এসেছিলেন। তাই পত্রিকা দপ্তরের গেটে গেরুয়া গুন্ডামি চলাকালীন অদূরে দাঁড়িয়ে পুলিশ মজা দেখছিল।

আমরা মানবাধিকার সংগঠন সিপিডিআরএস সংবিধান প্রদত্ত মত প্রকাশের স্বাধীনতা ও সংবাদপত্রের স্বাধীনতার ওপর, সরকারি মদতে বিজেপি আরএসএস-এর ন্যক্কারজনক ফ্যাসিস্টসুলভ হামলার তীব্র প্রতিবাদ জানাই। আমরা দাবি করছি, অপরাধীদের গ্রেপ্তার করে উপযুক্ত শাস্তি দিতে হবে এবং এই ঘটনার দায় স্বীকার করে মুখ্যমন্ত্রীকে ক্ষমা চাইতে হবে। পাশাপাশি, এ রাজ্য তথা দেশের গণতন্ত্রপ্রিয় স্বাধীন নাগরিকদের কাছে, এই ঘটনার বিরুদ্ধে সোচ্চার হওয়ার আহ্বান জানাই।"